# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 15-02-2026** **Time: 1.40 PM**

-

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে এসআইআর এর পর প্রায় ৬ লক্ষ ৬১ হাজার ভোটারের নাম তালিকা থেকে বাদ পড়তে পারে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

২) রাজ্যে বসবাসের প্রমাণপত্র বা ডোমিসাইল সার্টিফিকেট জমা দেওয়া ভোটারদের ৯৯ শতাংশই কমিশনের শর্ত পূরণ করতে পারে নি বলে তাদের পর্যবেক্ষণে জানা গেছে।

৩) আজ মহা শিবরাত্রি। রাজ্যের বিভিন্ন মন্দিরে এই উপলক্ষে ভক্তদের ঢল নেমেছে।

৪) বিশ্বজুড়ে আজ আন্তর্জাতিক শিশু ক্যান্সার প্রতিরোধ দিবস পালিত হচ্ছে।

৫) বাংলা ও জম্মু ও কাশ্মীরের মধ্যে পাঁচদিনের রঞ্জি ট্রফি ক্রিকেটের সেমিফাইনাল, আজ কল্যানিতে শুরু হয়েছে।

---

পশ্চিমবঙ্গে SIR এর শুনানি পর্বের শেষ দিনে প্রাথমিক হিসাব অনুযায়ী রাজ্যে প্রায় ৬ লক্ষ ৬১ হাজার ভোটারের নাম তালিকা থেকে বাদ পড়তে পারে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। নোটিস পাওয়ার পরেও প্রায় ৪ লক্ষ ৯৮ হাজার ভোটার শুনানিতে হাজির হননি। অন্য দিকে, শুনানির নথি খতিয়ে দেখে মাইক্রোঅবজারভাররা প্রায় ১

লক্ষ ৬৩ হাজার ভোটারকে ‘অযোগ্য’ বলে চিহ্নিত করে কমিশনের কাছে রিপোর্ট পাঠিয়েছেন।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন সংবিধান নির্দিষ্ট ক্ষমতার মধ্যে থেকেই স্বচ্ছ ভোটার তালিকা তৈরির কমিশনের উদ্দেশ্য।

(বাইট – মনোজ কুমার আগরওয়াল)

ভুলভ্রান্তির কারণে যদি নাম চূড়ান্ত ভোটার তালিকায় বাদ পড়ে, তাহলে তারাও নিজেদের দাবি নির্বাচন কমিশনের কাছে জানাতে পারবেন বলে মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন।

এদিকে নতুন মাইক্রোঅবজারভারদের প্রশিক্ষণ শুরু করতে রাজ্যের সব জেলাশাসকদের নির্দেশ দেওয়া হয়েছে। কমিশনের তরফে জানানো হয়েছে, নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণ শেষ করে তাঁদের কাজে নামানো হবে।

---------------------

রাজ্যে বসবাসের প্রমাণপত্র বা ডোমিসাইল সার্টিফিকেট জমা দেওয়া ভোটারদের বড় অংশই কমিশনের নির্ধারিত শর্ত পূরণ করছেন না বলে প্রাথমিক পর্যবেক্ষণে উঠে এসেছে। নির্বাচন কমিশন সূত্রে খবর, এখনও পর্যন্ত যাঁরা ডোমিসাইল সার্টিফিকেট জমা দিয়েছেন, তাঁদের প্রায় ৯৯ শতাংশই ওই শংসাপত্রের প্রকৃত অধিকারী নন।

কমিশনের গাইডলাইন অনুযায়ী, শর্ত পূরণ না করলে সেই বসবাসের শংসাপত্র গ্রহণযোগ্য হবে না। ফলে সংশ্লিষ্ট ভোটারদের নাম চূড়ান্ত তালিকা থেকে বাদ পড়তে পারে বলেই কমিশন সূত্রে ইঙ্গিত।

নির্বাচন কমিশনের তরফে জানানো হয়েছে, প্রতিটি নথি খতিয়ে দেখেই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। নিয়ম অনুযায়ী যাঁরা বৈধ নথি দেখাতে পারবেন না, তাঁদের নাম তালিকা থেকে বাদ দেওয়ার প্রক্রিয়া চালানো হবে।

---------------------

SIR প্রক্রিয়ায় ভুয়ো ভোটারদের চিহ্নিত করার বিরোধীদের দাবির মধ্যেই পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোনা পৌরসভার পাঁচ নম্বর ওয়ার্ডে প্রচুর পরিমাণে ভোটার কার্ড উদ্ধারের ঘটনাত্য চাঞ্চল্য ছড়িয়েছে। ওই ওয়ার্ডের গোঁসাইবাজার এলাকায় আজ সকালে একটি নালার মধ্যে ভোটার কার্ড গুলি পড়ে থাকতে দেখা যায়। পরে পুলিশ গিয়ে ভোটার কার্ডগুলি নালা থেকে উদ্ধার করে নিয়ে যায়। একসঙ্গে এত ভোটার কার্ড কোথা থেকে এলো তা খতিয়ে দেখা হচ্ছে।

---------------------

রাজ্য সরকারের স্বনির্ভর প্রকল্পের আওতায় আজ বিভিন্ন জেলায় শুরু হয়েছে যুবসাথী ক্যাম্প। কোচবিহার জেলায় মোট ৩৪ টি ক্যাম্প চালু করা হয়েছে বলে জেলাশাসক রাজু মিশ্রা জানিয়েছেন। কোচবিহার শহরের রবীন্দ্রভবনে যে ক্যাম্প খোলা হয়েছে সেখানে শহরের ১৭, ১৮ এবং কুড়ি নম্বর ওয়ার্ডের ২১ থেকে ৪০ বছর বয়সী যুবক যুবতীরা যুব সাথীর জন্য আবেদন পত্র জমা দিচ্ছেন।

এদিন মালদার ইংরেজবাজার বিধানসভা এলাকাতে যুব সাথীর ক্যাম্প চালু হচ্ছে। ইংরেজবাজার পৌরসভার ২৯টি ওয়ার্ডের জন্য ক্যাম্প আয়োজন করা হয়েছে, মালদা শহরের ১৭নং ওয়ার্ড এলাকায় অবস্থিত পেডি সিল্ক ইনস্টিটিউটে।

অন্যদিকে ইংরেজবাজার গ্রামীণ এলাকার জন্য ক্যাম্প করা হয় মালদা ইংলিশ মিডিয়াম গভমেন্ট মডেল মাদ্রাসায়।

উল্লেখ্য, যুবসাথী প্রকল্পে আবেদনকারীদের নাম রেজিস্ট্রেশন ক্যাম্প ১৫ই ফেব্রুয়ারি থেকে আগামী ২৬শে ফেব্রুয়ারি পর্যন্ত চলবে।

---------------------

আজ মহা শিবরাত্রি। রাজ্য তথা দেশের বিভিন্ন শৈব তীর্থে আজ এই উপলক্ষে বিভিন্ন শিব মন্দিরে পুজো দিচ্ছেন ভক্তরা। কিংবদন্তী অনুসারে আজকের দিনেই মহাদেব ও পার্বতীর শুভ বিবাহ সম্পন্ন হয়েছিল। সেই অনুষ্ঠানের স্মরণে আজ ভক্তরা উপবাস করেন। ধর্মীয় রীতি মেনে শিবের মাথায় জল ঢেলে শিবের উপাসনা ও পুজো সম্পন্ন করে থাকেন এই পূণ্য দিনে। শৈব তীর্থ হুগলীর তারকেশ্বর, জলপাইগুড়ির জলপেশ মন্দির, নেপালের পশুপতি নাথ মন্দির সহ বিভিন্ন শৈব তীর্থে ভক্তরা মহাদেবের পুজো দেবেন। শিবরাত্রি উপলক্ষে আলোক মালায় সাজিয়ে তোলা হয়েছে শিব মন্দিরগুলি।

মুর্শিদাবাদের প্রাচীন শৈবতীর্থ পাতালেশ্বর, ডোমকল, ইসলামপুর, হরিহর পাড়ার বিভিন্ন মন্দিরে আজ সকাল থেকে ব্যাপক উৎসাহ উদ্দীপনার শিবরাত্রি পুজোর আয়োজন করা হয়েছে।

বাঁকুড়ার এক্তেশ্বর ও ওন্দার সিদ্ধেশ্বর মন্দিরেও এই উপলক্ষে চলছে বিশেষ পুজার্চনা।

বর্ধমান জেলার কালনার ১০৮ শিবমন্দিরেও শিবরাত্রি উপলক্ষে বিশেষ পুজোর আয়োজন করা হয়েছে।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২২শে ফেব্রুয়ারি আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণী সংবাদের ওয়েবসাইট, newsonair মোবাইল app, প্রধান মন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

মন কি বাত এর জন্যে এ বারেও সাধারণ মানুষের পরামর্শ ,বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। MyGov Open Forum কিংবা Narendra Modi App-এ লিখিত বার্তা পাঠানো যাবে। টোল ফ্রি নম্বর - 1800-11-7800 মারফতও বার্তা পাঠানো যাবে।

---------------------

বিশ্বজুড়ে আজ আন্তর্জাতিক শিশু ক্যান্সার প্রতিরোধ দিবস উদযাপিত হচ্ছে। লিউকেমিয়া, ব্রেন টিউমার, লিমফোমা, কিডনি ক্যান্সার, অস্টিওসারকোমার মত রোগের উপসর্গ দেখলে তা প্রাথমিক সনাক্তকরণের জন্য জনসাধারণের মধ্যে সচেতনতা বাড়াতে আজকের দিনটি পালন করা হয়। শিশুদের মধ্যে ক্যান্সারের লক্ষণ পাওয়া গেলেও আধুনিক চিকিৎসা ব্যবস্থার মাধ্যমে তা দ্রুত নিরাময় করা যায় বলে কলকাতার এসএসকেএম হাসপাতালের ঘাড় ও গলার ক্যান্সার সার্জেন ডক্টর যশস্বী দুবে আকাশবাণীকে জানিয়েছেন।

বাইট

---------------------

বিশ্ব জলাতঙ্ক দিবস এবং প্রাণীকল্যাণ পক্ষকাল উপদযাপন উপলক্ষে আজ এক. র‍্যালি বের করা হয় মালদায়। মালদা প্রাণী সম্পদ বিকাশ বিভাগ এবং ডিএসপিসিএ-এর যৌথ উদ্যোগে এদিন এই র‍্যালি আয়োজন করা হয় মালদা শহরের বুকে। র‍্যালির মাধ্যমে সাধারণ মানুষকে বিশ্ব জলাতঙ্ক দিবস এবং প্রাণীকল্যাণ পক্ষকাল উদযাপনের বিষয়ে সচেতন করা হয় বলে জানা গেছে।

---------------------

মালদা জেলাপরিষদের অর্থানুকূল্যে রতুয়া-১নং ব্লকের সামসীর পূর্ব ভগবানপুর এলাকায় রাস্তার ধারে পুকুর পাড়ে গার্ডওয়াল নির্মাণ কাজের শিলান্যাস হয়েছে। ফিতে কেটে, নারকেল ফাটিয়ে ।জেলাপরিষদ থেকে প্রায় ১২ লক্ষ টাকা বরাদ্দে ৩৫ মিটার গার্ডওয়াল নির্মাণ কাজের আনুষ্ঠানিক শিলান্যাস করেন জেলাপরিষদের শিক্ষা কর্মাধ্যক্ষ ফজলুল হক।

তাই গ্রামবাসীরা দীর্ঘদিন ধরে রাস্তার ধারে পুকুর পাড়ে গার্ডওয়াল নির্মাণের দাবী জানিয়ে আসছিলেন। সেই দাবীকে মান্যতা দিয়েই এদিন গার্ডওয়াল নির্মাণ কাজের সূচনা করা হয়।

---------------------

দক্ষিণ ২৪ পরগণার হরিদেব পুরে ডায়মন্ড সিটি সাউথ আবাসনে আজ সকাল দশটা চল্লিশ নাগাদ টাওয়ার টু তে ছয়তলায় একটি ফ্ল্যাটে আগুন লাগে। দমকলের পাঁচটি গাড়ি দেড় ঘণ্টার চেষ্টায় আগুন নেভাতে সক্ষম হয়। ফ্ল্যাটটি ক্ষতিগ্রস্থ হয়েছে, তবে সেইসময়ে ফ্ল্যাটে কেউ না থাকায় হতাহতের খবর নেই।

---------------------

মুর্শিদাবাদের শক্তিপুরে পাবলিক হেলথ ইউনিটের সূচনা হয়েছে বেলডাঙা ১ ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে। এই উপলক্ষ্যে শনিবার স্বাস্থ্য আধিকারিকদের সঙ্গে আয়োজিত এক অনুষ্ঠানে বহরমপুরের সাংসদ ইউসুফ পাঠান এবং বেলডাঙার বিধায়ক হাসানুজ্জামান শেখ উপস্থিত ছিলেন। পরে তারা বেলডাঙা গ্রামীণ হাসপাতাল েবং কর্ণসুবর্ণে বহরমপুর ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রও পরিদর্শন করেন । কান্দিতে সাংসদ তহবিল থেকে ১৭২ জন ভিন্নভাবে সক্ষম নাগরিকদের শ্রী পাঠান ট্রাইসাইকেল দিয়েছেন।

---------------------

দক্ষিণ ২৪ পরগণার হরিদেব পুরে ডায়মন্ড সিটি সাউথ আবাসনে আজ সকাল দশটা চল্লিশ নাগাদ টাওয়ার টু তে ছয়তলায় একটি ফ্ল্যাটে আগুন লাগে। দমকলের পাঁচটি গাড়ি দেড় ঘণ্টার চেষ্টায় আগুন নেভাতে সক্ষম হয়। ফ্ল্যাটটি ক্ষতিগ্রস্থ হয়েছে, তবে সেইসময়ে ফ্ল্যাটে কেউ না থাকায় হতাহতের খবর নেই।

---------------------

ট্রলি ব্যাগে গাঁজা পাচারের অভিযোগে পুলিশ, শিলিগুড়ির মহাত্মা গান্ধী চক সংলগ্ন মোহোনবাগান রোড থেকে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। ২২ কেজি গাঁজা উদ্ধার হয়েছে। ধৃত ভরত দাস, উত্তর ২৪ পরগনার বরানগরের বাসিন্দা। উদ্ধার হওয়া গাঁজার বাজার মূল্য কয়েক লক্ষ টাকা বলে জানা গেছে।

---------------------

বাংলা ও জম্মু ও কাশ্মীরের মধ্যে পাঁচদিনের রঞ্জি ট্রফি ক্রিকেটের সেমিফাইনাল, আজ কল্যানিতে শুরু হয়েছে। টসে জিতে জম্মু ও কাশ্মীর বাংলা কে ব্যাট করতে পাঠিয়েছে। মধ্যাহ্ন বিরতিতে বাংলা এক উইকেটে ৮০ রান করেছে।

-------------------- --------------------